গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২.০০৩.২৪-১০০ তারিখ: ১০ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

# পরিপত্র

**বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর কয়েকটি অনুচ্ছেদ স্পষ্টীকরণ ও সংশোধন।**

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর নিম্নোক্ত অনুচ্ছেদ স্পষ্টীকরণ ও সংশোধন করা হলো:

| ক্র: নং | নীতিমালায় সংশ্লিষ্ট অনুচ্ছেদসমূহ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর স্পষ্টীকরণ ও সংশোধন |
|---|---|---|
| ০১ | ৬.২ | প্রতিটি একক শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা সাধারণত ৫৫ (পঞ্চান্ন) জন হবে। জনবল কাঠামো এমপিও নীতিমালা ২০২১ এর ৬.২ অনুচ্ছেদের পরে নিম্নোক্ত অংশটুকু সংযোজন করা হলো:<br>'সর্বোচ্চ ৩টি শাখা (মূল শাখা ০১টি এবং অতিরিক্ত শ্রেণি শাখা ০২টি) থাকবে। প্রতি শ্রেণিতে অনুমোদিত শাখায় কর্মরত শিক্ষক এর বাহিরে MPO দেওয়া যাবে না।<br>**ব্যাখ্যা: একটি শ্রেণিতে সর্বোচ্চ শাখা হবে ০৩টি'। মূল শাখা ০১টি এবং অতিরিক্ত শ্রেণি শাখা ০২টি থাকবে।** |
| ০২ | ৮.১ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ৮.১ অনুচ্ছেদের পরে নিম্নোক্ত অংশটুকু সংযোজন করা হলো:<br>'প্রশাসনিক ও ভৌত অবকাঠামো, সর্বোচ্চ শ্রেণি শাখার প্রযোজ্য শর্তসহ অন্যান্য প্রয়োজনীয় শর্তাদি পূরণ সাপেক্ষে কেবলমাত্র মাধ্যমিক পর্যায়ে শিফট খোলা যাবে। প্রতি শ্রেণিতে অতিরিক্ত দুটি শাখার কাম্য শিক্ষার্থী থাকলেই শিফট খোলার অনুমতি দেওয়া যাবে। এক্ষেত্রে ন্যূনতম কাম্য শিক্ষার্থী হবে, ৮২৫ জন +২৭৫ জন+২৭৫ জন=১৩৭৫ জন। |
| ০৩ | ৯.৩ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ৯.৩ অনুচ্ছেদের পরে নিম্নোক্ত অংশটুকু সংযোজন করা হলো:<br>**বিধিমোতাবেক নিয়োগ:** বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর জনবল কাঠামোর প্যাটার্নে নেই কিন্তু, জনবল কাঠামোতে নিয়োগের শর্ত ও পদ্ধতি মোতাবেক এবং মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান অনুসরণ করে নিয়োগ প্রদান করাকে বুঝাবে।<br>**প্যাটার্নভুক্ত পদে নিয়োগ:** প্যাটার্নভুক্ত পদ বলতে শিক্ষা মন্ত্রণালয়ের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুসারে শূন্যপদে নিয়োগ বুঝাবে।<br>**উদ্বৃত্ত পদ:** প্যাটার্নভুক্ত পদে এমপিও হয়েছিল কিন্তু সরকার কর্তৃক জারিকৃত কোন প্রজ্ঞাপন বা নতুন এমপিও নীতিমালার কারণে পদটি বিলুপ্ত হয়েছে, এমন পদটি উদ্বৃত্ত পদ হিসেবে গণ্য হবে। তবে উক্ত পদে কর্মরত ব্যক্তির চাকরি সমাপনান্তে পদটি বিলুপ্ত হবে' এবং ৩১ ডিসেম্বর ২০১৬ সালের আগে ননএমপিও শূন্যপদে |

| ক্র: নং | নীতিমালায় সংশ্লিষ্ট অনুচ্ছেদসমূহ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর স্পষ্টীকরণ ও সংশোধন |
|---|---|---|
| | | বিধিমোতাবেক নিয়োগ প্রাপ্তদের উদ্বৃত্ত বুঝাবে। তবে, এক্ষেত্রে ব্যানবেইসের ডাটাবেসে নিরবচ্ছিন্ন তথ্য যাচাই প্রক্রিয়ায় থাকতে হবে'। |
| ০৪ | ৯.৪ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ৯.৪ অনুচ্ছেদ এর পরিবর্তে নিম্নোক্ত অংশটুকু প্রতিস্থাপন করা হলো:<br><br>(ক) 'একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত কোনো মাধ্যমিক বিদ্যালয়ের মাধ্যমিক স্তর এমপিওভুক্ত না হয়ে নিম্ন মাধ্যমিক স্তর এমপিওভুক্ত হলে, মাধ্যমিক স্তরে বিধি ও যোগ্যতা মোতাবেক যথাযথভাবে নিয়োগপ্রাপ্ত কোনো বিষয়ের শিক্ষককে ঐ প্রতিষ্ঠানের এমপিওভুক্ত নিম্ন-মাধ্যমিক স্তরে জনবলকাঠামো অনুযায়ী শূন্যপদে একই বিষয়ে সমন্বয় করা যাবে। এক্ষেত্রে পরবর্তীতে মাধ্যমিক স্তর এমপিওভুক্ত হলে সমন্বয়কৃত পদটি শূন্য না হওয়া পর্যন্ত ঐ বিষয়ে এন.টি.আর.সি.এ তে আর চাহিদা প্রেরণ বা শিক্ষক নিয়োগ প্রদান করা যাবে না। উল্লেখ্য, কর্মচারীরা সমন্বয় হতে পারবেন না।<br><br>(খ) স্নাতক (পাস) স্তরে অধিভুক্ত কলেজের উচ্চ মাধ্যমিক স্তরে এমপিওভুক্ত; কিন্তু স্নাতক (পাস) স্তরে এমপিওভুক্ত না হলে উচ্চ মাধ্যমিক স্তরে কোনো প্রভাষক পদ শূন্য থাকলে স্নাতক (পাস) স্তরের ৩১ ডিসেম্বর ২০১৬ সালের পূর্বে বিধি মোতাবেক ও জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী প্যাটার্নভুক্ত পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক একই শিক্ষা প্রতিষ্ঠানের ও বিষয়ে প্রভাষক উচ্চ মাধ্যমিক স্তরে সমন্বয়ের মাধ্যমে এমপিওভুক্ত হতে পারবেন। উল্লেখ্য, কর্মচারীরা সমন্বয় হতে পারবেন না'। |
| ০৫ | ১১.১৮ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১১.১৮ অনুচ্ছেদের পরে নিম্নোক্ত অংশটুকু সংযোজন করা হলো:<br><br>'এ ক্ষেত্রে পূর্ববর্তী পদ থেকে এমপিও উত্তোলন করা যাবে না। তিনি অন্য পদে যাওয়ার সঙ্গে সঙ্গেই এমপিও থেকে নাম কর্তন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অনলাইনে আবেদন করবেন'। |
| ০৬ | ১১.২২ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১১.২২ অনুচ্ছেদের পরে নিম্নোক্ত অংশটুকু সংযোজন করা হলো:<br><br>'সহকারী প্রধান শিক্ষক (গ্রেড-০৮) প্রশাসনিক পদ হলেও সহকারী অধ্যাপক/জ্যেষ্ঠ প্রভাষকের বেতন গ্রেড-০৬ হওয়ায় চাকরীকাল গণনা করে সবচেয়ে সিনিয়র সহকারী অধ্যাপক/জ্যেষ্ঠ প্রভাষককে ভারপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানের দায়িত্ব দেওয়া যেতে পারে। সহকারী অধ্যাপক/জ্যেষ্ঠ প্রভাষক (গ্রেড-৬) কর্মরত না থাকলে সহকারী প্রধান শিক্ষক (গ্রেড-৮) যোগ্যতা সম্পন্ন হলে ঐ প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত হিসেবে প্রতিষ্ঠান প্রধানের দায়িত্ব পালন করবেন। এক্ষেত্রে ন্যূনতম সময়ের মধ্যে অধ্যক্ষ নিয়োগ দিতে হবে'। |
| ০৭ | পরিশিষ্ট-ঘ (ক) ক্রমিক নং-১ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর পরিশিষ্ট-ঘ (ক) এর ১নং ক্রমিকের ৩নং কলামের **(অভিজ্ঞতা ও চাকরিতে প্রবেশের বয়সমীমা)** নিচে নিম্নোক্ত অংশটুকু সংযোজন করা হলো:<br><br>'অথবা<br>কর্মরত প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষককে অধ্যক্ষ পদে আবেদন করতে হলে, পার্শ্বে বর্ণিত ৩ নং কলামের শিক্ষাগত যোগ্যতা এবং মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী প্রধান শিক্ষক হিসেবে ০২ বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে ১৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা |

| ক্র: নং | নীতিমালায় সংশ্লিষ্ট অনুচ্ছেদসমূহ | **বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর স্পষ্টীকরণ ও সংশোধন** |
|---|---|---|
| | | মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী সহকারী প্রধান শিক্ষক/নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে পার্শ্বে বর্ণিত ৩ নং কলামের শিক্ষাগত যোগ্যতা এবং ইনডেক্সধারী হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে সর্বমোট ১৫ (পনেরো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে'। |
| ০৮ | পরিশিষ্ট-ঘ (ক) ক্রমিক নং- ২৫ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর পরিশিষ্ট-ঘ (ক) এর ২৫নং ক্রমিকের ৩নং কলামে নিয়োগর জন্য শিক্ষাগত যোগ্যতার ২ নং ক্রমিক এর অথবা'র পরে নিম্নোক্ত অংশটুকু প্রতিস্থাপন (Replace) করা হলো:<br><br>'স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কারিগরি শিক্ষা বোর্ড থেকে ০১ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা/অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি/ডিপ্লোমা ইন কম্পিউটার অপারেশন কোর্স'। |

স্বাক্ষরিত/-
তারিখ: ২১/০৪/২০২৫
সিদ্দিক জোবায়ের
সিনিয়র সচিব

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২.০০৩.২৪-১০০

তারিখ: ১০ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/সরকারি মাধ্যমিক/বেসরকারি মাধ্যমিক/কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো, ব্যানবেইস ভবন, পলাশী, ঢাকা।
৭. বিভাগীয় কমিশনার, -------------------------------------------(সকল)।
৮. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৯. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল)।
১০. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানাপল্টন, ঢাকা।
১৩. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল) ।
১৪. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৫. জেলা শিক্ষা অফিসার, ----------------------------------------(সকল)।
১৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----------------------------(সকল)।
১৭. অফিস কপি।

২৩.০৪.২৫
সাইয়েদ এ.জেড.মোরশেদ আলী
উপসচিব

d:\d drive\azim 30000\letter 17.11.2024.docx